

সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন।

তারিখঃ ১৫/০৬/২০২৩ ইং,

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

০১. জনাব মমতাজ বেগম	০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
০২. জনাব জোহরা বেগম	০৮. জনাব মোঃ মতিয়ার রহমান
০৩. জনাব আসমা বেগম	০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
০৪. জনাব মোঃ জসীম শেখ	১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
০৫. জনাব মোঃ আলমগীর হোসেন	১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা
০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির	১২. জনাব মোঃ নুরুল ইসলাম মল্লিক

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে জুন/২০২৩ মাসের সভার কার্য শুরু করা হইল।

আলোচ্য সূচি-১:

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হইল। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

আলোচ্য সূচি-২:

চেয়ারম্যান সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থবছরে উপজেলা চেয়ারম্যান, মধুখালী, ফরিদপুর এর স্মারক নং ৫১.০১.৫৪০৮.০০০.১৪.০৭৫.২৩-৩৬৮, তারিখ ১২/০৬/২০২৩ খ্রিঃ এর মর্মানুযায়ী ২০২২-২৩ অর্থবছরে গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর (৩য় কিস্তী) আওতায় অত্র ইউনিয়নের অনুকূলে ৯৫,০০০/-টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত টাকার বিপরীতে প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করে উপজেলা অফিসে প্রেরণ করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে সরকারী নীতিমালা অনুসরণ করিয়া নিম্নলিখিত প্রকল্প গ্রহণ ও প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করা হইল।

১। প্রকল্পের নামঃ মছলন্দপুর (বালিকা বিদ্যালয় সড়কে) হুমায়ূনের বাড়ী হইতে আজগরের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। বরাদ্দঃ ৯৫,০০০/ (পঁচানব্বই হাজার টাকা মাত্র)।

পিআইসি

১। মোঃ রাকিব হোসেন চৌধুরী	ইউপি চেয়ারম্যান	প্রকল্প সভাপতি
২। মোছাঃ আসমা বেগম	ইউপি সদস্য	প্রকল্প সেক্রেটারী
৩। মোঃ মিজানুর রহমান	গণ্যমান্য ব্যক্তি	প্রকল্প সদস্য
৪। নব কুমার দত্ত	শিক্ষক	প্রকল্প সদস্য
৫। রমেন দত্ত	বীর মুক্তিযোদ্ধা	প্রকল্প সদস্য

আলোচ্য সূচি-৩:

চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, কামারখালী সরকারী বালিকা বিদ্যালয়ে ইতিমধ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে একটি বড় শহীদ মিনার নির্মাণ করা হইয়াছে। এই শহীদ মিনার এবং বিদ্যালয় ভবনের মাঝে একটি বড় পুকুর ও বিদ্যালয়ের খেলার মাঠ নিচু থাকায় বিদ্যালয়ের ছাত্রীদের খেলাধুলা ও চলাফেরা খুবই অসুবিধা হইতেছে। ইতিমধ্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক এই পুকুর ও খেলার মাঠ উন্নয়নের জন্য বারবার অনুরোধ জানাইতেছে। তখন সভায় বিস্তারিত আলোচনা হয় এবং এই কাজটি সম্পন্ন করার মত কোন বরাদ্দ ইউনিয়ন পরিষদে নাই। তখন সভায়

আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় যে, এই প্রকল্পটি সম্পন্ন করার জন্য স্থাবর সম্পত্তি হস্তান্তর করার টাকা বরাদ্দ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের বরাবরে আবেদন করা হউক। উক্ত প্রকল্পটি সম্পন্ন করার জন্য ৩ ৫ সদস্য বিশিষ্ট ২ টি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হইল।

১। প্রকল্পের নামঃ কামারখালী সরকারী বালিকা বিদ্যালয়ের শহীদ মিনারের উত্তরে পুকুর ভরাট।
বরাদ্দঃ ২,০০,০০০/ (দুই লক্ষ টাকা মাত্র)।

পিআইসি

১। মোছাঃ আসমা বেগম	ইউপি সদস্য	প্রকল্প সভাপতি
২। মোঃ মনিরুজ্জামান চৌধুরী	গণ্যমান্য ব্যক্তি	প্রকল্প সেক্রেটারী
৩। তামান্না সুলতানা	শিক্ষিকা	প্রকল্প সদস্য
৪। রমেন দত্ত	বীর মুক্তিযোদ্ধা	প্রকল্প সদস্য
৫। মোঃ ফারুক মোল্যা	ভিডিপি	প্রকল্প সদস্য

১। প্রকল্পের নামঃ কামারখালী সরকারী বালিকা বিদ্যালয়ের খেলার মাঠের উন্নয়ন।
বরাদ্দঃ ৫০,০০০/ (পঞ্চাশ হাজার টাকা মাত্র)।

পিআইসি

১। মোঃ সাজেদুল ইসলাম দুলু	ইউপি সদস্য	প্রকল্প সভাপতি
২। মোঃ মিজানুর রহমান	গণ্যমান্য ব্যক্তি	প্রকল্প সেক্রেটারী
৩। তামান্না সুলতানা	শিক্ষিকা	প্রকল্প সদস্য
৪। রমেন দত্ত	বীর মুক্তিযোদ্ধা	প্রকল্প সদস্য
৫। নায়েব বিশ্বাস	ভিডিপি	প্রকল্প সদস্য

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি



তারিখ: ১৫/০৬/২০২৩ খ্রি:

(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।